

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
ঝিকরগাছা, যশোর।

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি-

জনাব ডুপালী সরকার

উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।

সভার তারিখ-২৫/১১/২০২৪ সময়- ১১-০০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর পরিশিষ্ট ক

অদ্যকার সভায় সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সদস্য সচিবকে সভার আপ্যোচ্য বিষয় সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অনিতা মল্লিক সভায় জানান মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে অত্র উপজেলায় ১৮৮৪ জন নারীকে ভিডালিউবি কর্মসূচীর আওতায় ৩০কেজি করে ২ বৎসর খাদ্য সহায়তা দেয় সরকার। এ ছাড়া মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউনিয়নে মাসিক ৫টি করে এবং পৌরসভায় মাসিক ৯টি করে দরিদ্র গর্ভবতী নারীকে অনলাইনে আবেদন এর মাধ্যমে ভাতা কর্মসূচী আসে। তারা মাসিক ৮০০/টাকা করে ৩ বৎসর এই কর্মসূচীর আওতায় ভাতা পায়। নারী নির্ধাতন ও বাল্য বিবাহ রোধে সচেতনতা মূলক উঠান বৈঠক করা হয়। প্রতি মাসে অত্র কার্যালয়ের উপকার ভোগীদের নিয়ে এই উঠান বৈঠক করা হয়। অত্র কার্যালয়ের মাধ্যমে শিশু কিশোরদের সূনাগরিক হিসাবে গড়ে তোলার লক্ষ্যে কিশোর কিশোরী ক্লাব পরিচালিত হচ্ছে। ২০ জন বালিকা ও ১০ জন বালক নিয়ে এই ক্লাব পরিচালিত হচ্ছে। অত্র উপজেলায় মোট ১২টি ক্লাবে ৩৬০ জন সদ্য আছে। সপ্তাহে দুইদিন এই ক্লাবে তাদের আবৃত্তি সংগীত ও জীবন দক্ষতা বাড়ানোর জন্য প্রশিক্ষণ দেয়া হয়। এ ছাড়া নারীদের পারিবারিক সহিংসতা প্রতিরোধে স্থানীয় ভাবে অভিযোগ নিয়ে তাদের শুনানীর মাধ্যমে অভিযোগ মীমাংসার চেষ্টা করা হয়। মহিলা বিষয়ক অধিদপ্তর নারীর অধিকার, স্বাবলম্বী, নারী নির্ধাতন প্রতিরোধ ও ক্ষমতায়নের জন্য নিরবচ্ছিন্ন ভাবে কাজ করে যাচ্ছে। উপজেলা তথ্য সেবা কর্মকর্তা সভায় বলেন সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় চাহিদার তুলনায় বরাদ্দ কম থাকায় সকল নারীকে এই সেবার আওতায় আনা সম্ভব হয়না। এ ছাড়া ইতিপূর্বে মহিলা বিষয়ক অধিদপ্তরের আইজিএ প্রকল্পের মাধ্যমে সেলাই প্রশিক্ষণ নিয়েছিল। তারা অনেকেই সেলাই মেশিনের অভাবে তাদের প্রশিক্ষণ কাজে লাগাতে পারছে না। চেয়ারম্যান নির্বাসখোলা বলেন এছাড়া আমাদের নারীদের উন্নয়নের জন্য একটা বড় অন্তরায় হলো বাল্যবিবাহ। নারীরা স্বাবলম্বী হলে বাল্য বিবাহ কমে যাবে বলে মনে করা হয়।


সভায় সদস্যদের মাঝে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত ০৪ ৩০ জন প্রশিক্ষণ প্রাপ্ত দুঃস্থ কর্মক্ষম মহিলাদের ভিতর ৩০টি সেলাই মেশিন বরাদ্দ পাওয়ার জন্য উপজেলার সাধারণ সভায় সুপারিশ প্রেরণের সিদ্ধান্ত হয়।

বাটার ফ্লাই/ সিংগার সেলাই মেশিন ক্রয়, প্রতিটির মূল্য আনুমানিক ১৫০০০/ টাকা

৩০*১৫০০০=৪৫০০০০/(চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ডুপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
ঝিকরগাছা, যশোর।

স্মারক নং-৩২.০১.৪১২৩.০০০০.১৬.০১১.৯৮/

তারিখ: ২০/১১/২০২৪

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, যশোর।
- ২। উপজেলা নির্বাহী, ঝিকরগাছা, যশোর।
- ৪। উপজেলা-----কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।
- ৫। চেয়ারম্যান/প্যালে চেয়ারম্যান/প্রশাসক, (সকল)-----ইউপি, ঝিকরগাছা, যশোর।
- ৭। অফিস কপি।


(অনিতা মল্লিক)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও সদস্য সচিব
উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
ঝিকরগাছা, যশোর।